২০১৬

বাংলা — সাম্মানিক

পঞ্চম পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। *(ক)* আখ্যানকাব্য ও গাথাকাব্যের সংজ্ঞা লেখো। এই দুজাতীয় কাব্যের পার্থক্য উল্লেখ করে একটি বাংলা আখ্যানকাব্যের আলোচনা করো। ৩ + ৩ + ৬ + ৬

অথবা

(খ) উদাহরণসহ যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৯ + ৯

(অ) মহাকাব্য

(আ) সনেট

(ই) পত্রকাব্য।

২। *(ক)* 'বীরাঙ্গনা-কাব্য'-এর 'সোমের প্রতি তারা' পত্রে তারা চরিত্র কতটা বিদ্রোহিণী হয়ে উঠেছে তা আলোচনা করে দেখাও। ১২

অথবা

(খ) বাল্মীকি-বর্ণিত বিকটা সূর্পণখাকে মাইকেল মধুসূদন কীভাবে নবনির্মাণ করেছেন 'লক্ষ্মণের প্রতি সূর্পণখা' পত্রটি অবলম্বনে তা আলোচনা করো। ১২

৩। *(ক)* "কেন বা উড়িছে ধ্বজ প্রতি গৃহচূড়ে?

কেন পদাতিক, হয় গজ, রথ, রথী

বাহিরিছে রণবেশে? কেন বা বাজিছে

রণবাদ্য?"

— কে, কাকে এই প্রশ্ন করেছেন? এরূপ ঘটনা ঘটার কারণ কী? ২ + ২

অথবা

(খ) "....... ক্ষত্রিয়ধর্ম এই কি, নৃমণি?

কোথা ধনু? কোথা তূণ, কোথা চর্ম, অসি?

না ভেদি রিপুর বক্ষ তীক্ষ্ণতম শরে

রণক্ষেত্রে, মিষ্টালাপে তুষিছ কি তুমি

কর্ণ তার সভাতলে?"

— কে, কাকে এই কথা বলেছেন? এরূপ উক্তির কারণ কী? ১ + ১ + ২

৪। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যের 'বৈষ্ণব কবিতা' শীর্ষক কবিতাটিতে লৌকিক প্রেম কেমনভাবে অলৌকিক ব্যঞ্জনা লাভ করেছে তা আলোচনা করে দেখাও। ১২

অথবা

(খ) 'সোনার তরী' কাব্যের 'যেতে নাহি দিব' কবিতায় কবির মর্ত্যপ্রীতির যে-পরিচয় পাও তা তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১২

৫। (ক) "এতকাল নদীকূলে

যাহা লয়ে ছিনু ভুলে

সকলি দিলাম তুলে

থরে বিথরে—

এখন আমারে লহো করুণা করে।"

— কোন কবিতার অংশ? অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১ + ৩

অথবা

(খ) "আঁধার রজনী আসিবে এখনি

মেলিয়া পাখা,

সন্ধ্যা-আকাশে স্বর্ণ-আলোক

পড়িবে ঢাকা।

শুধু ভাসে তব দেহসৌরভ,

শুধু কানে আসে জল-কলরব

গায়ে উড়ে পড়ে বায়ুভরে তব

কেশের রাশি।"

— কোন কবিতার অংশ? উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১ + ৩

৬। (ক) 'নারী' শীর্ষক কবিতাটিতে নারী সম্পর্কে কবি নজরুল ইসলামের যে-ভাবনা প্রকাশিত হয়েছে তার বিশদ পরিচয় দাও। ১২

অথবা

(খ) 'দারিদ্র্য' কবিতাটিতে দারিদ্র্যের আপাত স্ববিরোধী রূপের অন্তরালে যে-গভীর ব্যঞ্জনা রয়েছে তার স্বরূপ আলোচনা করো। ১২

৭। (ক) "আমি সন্ন্যাসী, সুর-সৈনিক

আমি যুবরাজ, মম রাজবেশ ম্লান গৈরিক!

আমি বেদুইন, আমি চেঙ্গিস্,

আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্ণিশ্।"

— প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য নির্দেশ করো। ১ + ৩

অথবা

(খ) "আবার গাঙে আসবে জোয়ার, দুলবে তরী রঙ্গে,

সেই তরীতে হয়তো কেহ থাকবে তোমার সঙ্গে—"

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ১ + ৩

৮। (ক) "যেতে পারি, কিন্তু কেন যাব?" কবিতায় মৃত্যুর আহ্বানকে উপেক্ষা করে কবির জীবন সংরাগই জয়ী হয়েছে।"— মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৪

অথবা

(খ) বৈষ্ণবীয় ও রাবীন্দ্রিক অনুষঙ্গ ব্যবহৃত হলেও 'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতাটি কেমনভাবে মৌলিক ও সার্থক হয়ে উঠেছে তা আলোচনা করো। ১৪

৯। (ক) "তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে হে বন্ধু, হে প্রিয়তম।"

— বন্ধু এবং প্রিয়তম কে? তাঁকে স্মরণ করার কারণ কী? ১ + ৩

অথবা

(খ) "তারপর বহুশত যুগ পরে

ভবিষ্যতের কোনো যাদুঘরে

নৃতত্ত্ববিদ্ হয়রান হয়ে মুছবে কপাল তার

মজুতদার ও মানুষের হাড়ে মিল খুঁজে পাওয়া ভার।"

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো। ১ + ৩

১০। নিম্নলিখিত অংশ দুটির মধ্যে যে-কোনো *একটির* কাব্যশৈলী বিচার করো ঃ ১৬

(ক) ইহার মাঝে কখন প্রিয়তম
উধাও; লোকলোচন উঁকি মারে—
সবার মাঝে একলা ফিরি আমি
লেকের কোলে মরণ যেন ভালো।

বুঝেছি কাঁদা হেথায় বৃথা; তাই
কাছেই পথে জলের কলে, সখা
কলসি কাঁখে চলছি মৃদু চালে
গলির মোড়ে বেলা যে পড়ে এলো।

অথবা

(খ) তাই আজি
কোনোদিন আনমনে বসিয়া একাকী
পদ্মাতীরে, সম্মুখে মেলিয়া মুগ্ধ আঁখি
সর্ব অঙ্গে সর্ব মনে অনুভব করি
তোমার মৃত্তিকা-মাঝে কেমনে শিহরি
উঠিতেছে তৃণাঙ্কুর, তোমার অন্তরে
কী জীবন-রসধারা অহর্নিশি ধরে
করিতেছে সঞ্চরণ, কুসুমমুকুল
কী অন্ধ আনন্দভরে ফুটিয়া আকুল
সুন্দর বৃন্তের মুখে, নব রৌদ্রালোকে
তরুলতাতৃণগুল্ম কী গূঢ় পুলকে
কী মূঢ় প্রমোদরসে উঠে হরষিয়া—
মাতৃস্তনপানশ্রান্ত পরিতৃপ্ত-হিয়া
সুখস্বপ্নহাস্যমুখ শিশুর মতন।

২০১৬

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। *(ক)* 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের শুরু একটা মৃত্যু দৃশ্য দিয়ে। এমন সূচনার তাৎপর্য উপন্যাসের ভাব ও বিষয়ে কীভাবে প্রতিফলিত তা নির্ণয় করো। ১৪

অথবা

(খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে কুসুম চরিত্র নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১৪

২। *(ক)* 'অরণ্যের অধিকার' উপন্যাসের শেষে আলাদাভাবে উপসংহার অংশ সংযোজনার সার্থকতা বিচার করো। ১২

অথবা

(খ) 'অরণ্যের অধিকার' উপন্যাসটিকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা তা যুক্তিসহ আলোচনা করো। ১২

৩। *(ক)* " 'একরাত্রি' গল্পের কথক সেকেণ্ড-মাস্টার চরিত্রটি প্রথম পর্বে সুরবালাকে না-প্রাপ্তির প্রেক্ষিতে যে শূন্যতাবোধের স্তরে ছিল দ্বিতীয় পর্বে বিশেষ প্রজ্ঞায় উত্তরিত হয়ে সেখান থেকে পূর্ণতাবোধে পৌঁছেছে।" —— সেকেণ্ড-মাস্টার চরিত্রের জন্মান্তরের এ-দুই ধাপের বিশ্লেষণ-সূত্রে এ-সত্য প্রমাণ করো। ১২

অথবা

(খ) "প্রকৃতির ক্রোড় থেকে উৎপাটিত করে নাগরিক জটিলতার গর্ভে নিক্ষিপ্ত করলে জীবন বিপর্যস্ত-বিধ্বস্ত হয়।" —— 'সুভা' গল্পের নিহিতার্থ বিশ্লেষণ করে এ মন্তব্যের যাথার্থ্য প্রতিপাদন করো। ১২

৪। *(ক)* গল্প শেষে বালক রতন জীবনের যে ব্যাপ্ত অভিজ্ঞান লাভ করেছে তার স্বরূপ 'মহানগর' গল্প অবলম্বনে উন্মোচন করো। ১৫

অথবা

(খ) 'টোপ' গল্পে যে জীবনসত্যের প্রকাশ ঘটেছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৫। *(ক)* 'নিষ্ঠুর অমানবিকতার পর্যায় থেকে যথার্থ মানবিকতার স্তরে উন্নীত হয়েছে মতিলাল পাদরী চরিত্র।' —— 'মতিলাল পাদরী' গল্পাবলম্বনে এ-মন্তব্য যথার্থ কিনা বিচার করো। ১৫

অথবা

(খ) সময়ের অভিঘাত কীভাবে মানুষকে অসুস্থ করে তোলে তা 'স্টীলের চঞ্চু' গল্পের রুনু চরিত্রের স্বরূপ ব্যাখ্যা প্রসঙ্গে স্পষ্ট করো। ১৫

৬। *(ক)* ''তালবনের গভীর নির্জনতায় হঠাৎ তাহার পুরস্কার কে দিল মানুষের বুদ্ধিতে তাহার বিশ্লেষণ নাই।'' —— বক্তা কে? পুরস্কারটা কী? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

অথবা

(খ) ''কাকে ডাকছেন ছোটবাবু? কে যাবে আপনার সঙ্গে? কুসুম কি বেঁচে আছে? সে মরে গেছে।'' —— ছোটবাবু কে? তার সঙ্গে কুসুমের কোথায় যাবার কথা? কুসুমের মারা যাবার প্রকৃত তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

৭। *(ক)* ''অরণ্যের অধিকার কৃষ্ণ-ভারতের আদি অধিকার।'' —— মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ৪

অথবা

(খ) ''আট বছরের ছেলে গাইচরী করে হোক বা কোন দিকুর খামারে ঝাটপাট দেবার কাজ করে হোক, পেটের ঘাটো জোগাড় করে নেয়।'' —— 'গাইচরী' ও 'ঘাটো' শব্দের অর্থ কী? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

৮। *(ক)* ''তেমন আশ্চর্য এবং তেমন হৃদয় বিদারক ঘটনা সংসারে আর কখনো ঘটে নাই।'' —— কোন গল্পের অন্তর্গত? বক্তা কে? ঘটনাটি আশ্চর্য ও হৃদয় বিদারক কেন? ১+১+২

অথবা

(খ) ''জ্বলজ্বলে তার চোখ —— মুখে একটি হাসি আছে। যেন শান দেওয়া ছুরির মতো।'' —— বক্তা কে? কার সম্পর্কে এই উক্তি? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

৯। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ''কিন্তু এ সুখ তাঁর অদৃষ্টে টিকিল না।'' —— পংক্তিটি কোন গল্পের অন্তর্গত? 'সুখ'টি কী? সুখ তার কপালে টিকল না কেন? ১+১+৩

(খ) ''..... নেটিভ স্টেট, বাঘের বাচ্চা বাঘই।'' —— কোন গল্পের অন্তর্গত? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(গ) ''তুমি রাত্রে এখানে থাকো, আমি পদ্মের বীজ শুকিয়ে রেখেছি, তাই দিয়ে রাত্রে পায়েস তৈরী করে খেতে দেব।'' —— প্রসঙ্গ নির্দেশ করে কে, কাকে একথা বলেছে তা জানাও। উদ্ধৃতাংশটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ১+১+৩

(ঘ) ''প্রকৃত মনুষ্যত্বের চর্চা দেশ হইতে যেন উঠিয়া গিয়াছে।''—— কোন্ গল্পের পংক্তি? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

১০। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ''আবার মৃত্যুর মতো নিস্তব্ধ হয়ে আসে সব।'' —— প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য নির্ণয় করো। ৫

(খ) ''ফুর্তি করবেন, হোটেল ভাড়াভি দিবেন না?'' —— বক্তা কে? সে কাকে একথা বলেছে? ফুর্তির স্বরূপ বুঝিয়ে দাও। ১+১+৩

(গ) ''আজকের রাতটা বড়ো অদ্ভুত! অনেকদিন মনে থাকবে।'' —— কে কাকে একথা বলেছে? রাতটা অদ্ভুত কেন? ১+১+৩

(ঘ) ''সার্কাসে দেখোনি? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সন্তর্পণে হেঁটে ওপার পৌঁছে যায়।'' —— কে, কাকে একথা বলেছে? উক্তিটির যাথার্থ্য ব্যাখ্যা করো। ১+১+৩

২০১৬

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। *(ক)* পত্রসাহিত্য ও ডায়ারি জাতীয় রচনার মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্যের জায়গাগুলি উদাহরণসহ বিশদভাবে নির্দেশ করো। ব্যক্তিগত ডায়ারি কীভাবে বহুজনের আস্বাদ্য হয়ে ওঠে? একটি সাহিত্য-পদবাচ্য ডায়ারির বিষয় ও রীতি বিশ্লেষণ করো। ৯+৪+৫

অথবা

(খ) যে-কোনো ***দু'টি*** বিষয়ে আলোচনা করোঃ ৯+৯

(অ) আত্মগৌরবী প্রবন্ধ

(আ) রম্যরচনা

(ই) বাস্তববাদী সমালোচনা পদ্ধতি

(ঈ) ভ্রমণ সাহিত্য।

২। *(ক)* 'পতঙ্গ' রচনাটি বিশ্লেষণ প্রসঙ্গে বঙ্কিমচন্দ্রের গদ্যরীতির বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো। ১২

অথবা

(খ) দৃশ্যত নিষ্ক্রিয় কমলাকান্ত তার সক্রিয় চিন্তাভাবনার জন্যই আমাদের কাছে এত চিত্তাকর্ষক। — এই মন্তব্যটির আলোকে বঙ্কিমচন্দ্রের কমলাকান্ত চরিত্রটির পর্যালোচনা করো। ১২

৩। *(ক)* 'মঙ্গলা আমার বিষ্ণুপদ ; প্রসন্ন আমার ভগীরথ ; আমি দুই জনকেই সমান ভালবাসি।' — কোন্ রচনার অংশ? এ কথা বলার কারণ বিশ্লেষণ করো। ১+৩

অথবা

(খ) 'চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী।' — কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৩

৪। *(ক)* 'ছিন্নপত্র'-এ তোমার পঠিত একটি পত্রে রবীন্দ্রনাথ কোন্ প্রসঙ্গে 'সোশিয়ালিস্ট্'-দের কথা বলেছেন, তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ১২

অথবা

(খ) 'ছিন্নপত্র' পর্বে দৃষ্টি এবং হৃদয় দিয়ে যে অর্জন, তাই শিল্পরূপ নিয়ে অভিব্যক্ত হয়েছে রবীন্দ্রনাথের ছোটগল্পগুলিতে। — পাঠ্যতালিকাভুক্ত পত্রের সাক্ষ্যে মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত দাও। ১২

৫। *(ক)* 'অন্ধকারের আবরণের মধ্যে দিয়ে এই লোকালয়ের একটি যেন সজীব হৃৎস্পন্দন আমার বক্ষের উপর এসে আঘাত করতে লাগল।' —— কোন্ লোকালয়ের কথা বলা হয়েছে? পত্রসংখ্যা উল্লেখ করে বলো এই পত্রটিতে রবীন্দ্রনাথ তাঁর লেখা কোন্ কবিতার প্রসঙ্গ এনেছেন? ২+১+১

অথবা

(খ) 'মানুষের মনখানাও ঠিক ঐ প্রকাণ্ড প্রকৃতির মতো রহস্যময়।' —— 'ছিন্নপত্র'-র প্রাসঙ্গিক পত্র অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

৬। *(ক)* 'আর কোনো দেশের প্রাগৈতিহাসিক শিল্পী এ অবস্থা পায় নি।' —— কোন্ অবস্থার কথা বলা হয়েছে তা আলোচনা করো। ইউরোপীয় শিল্পের বর্তমান অবস্থাকে দাবা খেলার সঙ্গে তুলনা করার কারণটি পরিস্ফুট করো। ৮+৭

অথবা

(খ) ভারতে হিন্দির বহুল প্রচলন সত্ত্বেও অন্নদাশঙ্কর তাকে রাষ্ট্রভাষার স্বীকৃতি দেওয়ার বিরোধী কেন? ইংরেজির গুরুত্ব থাকলেও কোন্ পরিস্থিতিতে আমাদের কাছে তার প্রয়োজন ফুরোতে পারে বলে লেখক মনে করেন? ৮+৭

৭। *(ক)* 'প্রয়োজন ছিল এই বিদ্রোহের।' —— কোন্ বিদ্রোহের কথা বলা হয়েছে এবং তা কীভাবে বাংলা কবিতার পালাবদল এনেছিল, সে বিষয়ে লেখকের বক্তব্য তুলে ধরো। ১৫

অথবা

(খ) 'কিন্তু কথা এই —— এই বিষয়বস্তু ও রূপ দুই-ই আবার কাল থেকে কালে বদলায়।' —— 'আধুনিক সাহিত্য' প্রবন্ধে প্রাবন্ধিক তাঁর এই বক্তব্যকে কীভাবে উপস্থাপিত করেছেন তা বিবৃত করো। ১৫

৮। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ২০

(ক) ষোড়শ শতকে বাংলার নবজাগরণ ও বাংলা সাহিত্য

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারী চরিত্র

(গ) আধুনিক বাংলা কবিতায় পাশ্চাত্য প্রভাব

(ঘ) বাংলা সাহিত্যে আত্মজীবনী

(ঙ) বাংলা একাঙ্ক নাটক

(চ) স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাস

(ছ) বাংলা সাহিত্য ও চলচ্চিত্র

(জ) গণনাট্য আন্দোলন।

২০১৬

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) কালিদাস রচিত যে-কোনো দুটি কাব্য অবলম্বনে তাঁর কাব্যপ্রতিভার মূল্যায়ন করো। ৭$\frac{১}{২}$+৭$\frac{১}{২}$

(খ) 'মৃচ্ছকটিকম্' নাটকটির কী ধরনের বৈশিষ্ট্যের জন্য এই নাটক তথা নাট্যকারকে আধুনিক বলা যায় তা আলোচনা করে দেখাও। ১৫

(গ) 'উত্তররামচরিত' আশ্রয় করে নাট্যকার ভবভূতির কৃতিত্ব বিচার করো। ৫ + ১০

২। যে-কোনো *দুটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৫ + ৫

অভিজ্ঞান শকুন্তলম্, কাদম্বরী, মালবিকাগ্নিমিত্রম্, গীতগোবিন্দম্, হর্ষচরিত

৩। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) যে-কোনো দুটি ট্র্যাজেডি অবলম্বনে ট্র্যাজেডি রচনায় শেক্সপীয়রের কৃতিত্ব বিশ্লেষণ করো। ৭$\frac{১}{২}$+৭$\frac{১}{২}$

(খ) রোমান্টিক যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি ওয়ার্ডসওয়ার্থ-এর কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১৫

(গ) ইংরেজি উপন্যাস সাহিত্যে ওয়ালটার স্কট-এর অবদান আলোচনা করো। ১৫

৪। যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৫ + ৫

দি মার্চেন্ট অফ ভেনিস, প্যারাডাইস রিগেইনড, শেক্সপীয়রের সনেট, ওয়েস্টল্যাণ্ড, ডেভিড কপারফিল্ড্।

৫। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ঔপন্যাসিক প্রেমচন্দের দুটি উপন্যাস অবলম্বনে তাঁর রচনা বৈশিষ্ট্য বিচার করো। ১৪

(খ) ছোটগল্পকার হিসাবে ফণীশ্বরনাথ রেণু-র অবদান আলোচনা করো। ১৪

(গ) কবি মহাদেবী বর্মার কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে হিন্দী সাহিত্যের ইতিহাসে তাঁর স্বাতন্ত্র্য নির্দেশ করো। ১৪

[Turn Over]

৬। যে-কোনো *একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৪

শতরঞ্জ কী খিলাড়ী, কুকুরমুত্তা, ময়লা-আঁচল।

৭। *(ক)* 'চিত্তের রতি প্রভৃতি স্থায়ীভাব, (কাব্যের) বিভাব, অনুভাব ও সঞ্চারীর সংযোগে, রূপান্তর প্রাপ্ত হয়ে, রসে পরিণত হয়।'—আলোচনা করো। ১৬

অথবা

(খ) সংক্ষিপ্ত আলোচনা করো ঃ (যে-কোনো *দুটি*) ৮ + ৮

(অ) কাব্যং গ্রাহ্যমলংকারাৎ

(আ) এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা

(ই) ....শ্রেষ্ঠ কাব্যের যে ধ্বনি, তাই তার প্রধান বস্তু।

৮। *(ক)* ''ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে, চিত্র এবং সংগীত।''—মন্তব্যটি রবীন্দ্রনাথের 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো। ১৬

অথবা

(খ) যে-কোনো *দুটি* উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৮ + ৮

(অ) যাহা ক্ষণিক, যাহা সংকীর্ণ, তাহা তাঁহাদিগকে ফাঁকি দিতে পারে না; যাহা ধ্রুব যাহা চিরন্তন, এক মুহূর্তেই তাহা তাঁহারা চিনিতে পারেন।

(আ) সৌন্দর্যসৃষ্টি করাও অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে।

(ই) মেয়েদের কাজ হৃদয়ের কাজ।